

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০১.৬৩.০৬৩.২০১৬- ১৮

তারিখঃ ০৭/০১/২০১৭

বিষয়ঃ উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে নগরকান্দা উপজেলার আওতাধীন ফুলসুতী-কাইচাইল রাস্তায়
মাটির কাজের অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ চেয়ারম্যান, নগরকান্দা উপজেলা পরিষদ এর স্মারক নং- ৬০৫, তারিখঃ ১২/১২/২০১৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি'র আওতায় 'উপজেলা উন্নয়ন সহায়তা খাতের' বরাদ্দ হতে নগরকান্দা উপজেলা পরিষদের অনুকূলে ১ম ও ২য় কিস্তিতে ২৯.৩৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ মতে উক্ত অর্থ হতে পরিবহন ও যোগাযোগ (রাস্তা, ছোট ছোট সেতু, কালভার্ট নির্মাণ) উপখাতে ১৫% অর্থ ব্যয়ের প্রভিশন রয়েছে। কিন্তু উপজেলা পরিষদের ২৬/০৭/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার ৩.০১ নং সিদ্ধান্তে ৯টি ইউনিয়নের আওতাধীন রাস্তা-ঘাট নির্মাণে/উন্নয়নে ৯৫.৬৯ লক্ষ টাকার প্রাক্কলিত মূল্যের প্রস্তাব অনুমোদিত হয়েছে মর্মে দেখা যায়। যা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। তাছাড়া উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা মাটির কাজ করার সুযোগ নেই।

এমতাবস্থায়, চলতি ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি'র আওতায় উপজেলা উন্নয়ন সহায়তা খাত হতে নগরকান্দা উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত ২৯.৩৬ লক্ষ টাকা উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ মতে বিভাজন ও বিভাজনকৃত অর্থের বিপরীতে পরিবহন ও যোগাযোগ উপখাতের অর্থে গৃহিত প্রকল্পের তালিকা এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J.A.
০৭/০১/২০১৭
(ড. জুলিয়া মর্দন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
নগরকান্দা, ফরিদপুর।

অনুলিপিঃ

১. চেয়ারম্যান, নগরকান্দা উপজেলা পরিষদ, ফরিদপুর।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।